গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ০১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত ২০তম সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব সত্যব্রত সাহা মহাপরিচালক (সরকারের সচিব) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
সভার তারিখ	:	০১/০৪/২০২১
সময়	:	বেলা ০৩.০০ টায়
সভার স্থান	:	বোর্ডের সভা কক্ষ।

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য পরিচালক(প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক(প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০৩। পরিচালক(প্রশাসন) সভায় অবহিত করেন যে, বোর্ডের ৩০/১২/২০২০ তারিখ অনুষ্ঠিত ১৯তম সমন্বয় সভার কার্যবিবরণী বোর্ডের সকল কর্মকর্তাগণের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর সংশোধন/সংযোজন সম্পর্কে কোন মন্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনা শেষে সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

০৪। পরিচালক(প্রশাসন) ১৯তম সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী অন্যান্য বিষয় উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ	(১) পরিচালক, রাজশাহী জানান যে, ১৯তম সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী **কমিউনিটি সেন্টারের ভাড়ার সাথে আশ-পাশের কমিউনিটি সেন্টারের ভাড়ার একটি তুলনামূলক বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। বাণিজ্যিকভাবে পরিচালিত বেসরকারী কমিউনিটি সেন্টারের তুলনায় বোর্ডের কমিউনিটি সেন্টারের সুযোগ-সুবিধা সীমিত থাকায় সাধারণের মাঝে সেন্টার ভাড়া নেয়ার তেমন কোন আগ্রহ দেখা যায় না। পরিচালক, রাজশাহী আরো বলেন যে, কমিউনিটি সেন্টারের দুটি রুম ভাড়া বাবদ মাসে ১৪,৮১৪/- পাওয়া যায়। যদি মাসিক ভিত্তিতে সেন্টারটি ভাড়া দেয়া হয় তাহলে ভাড়া প্রদান সম্ভব হতে পারে।** **এ বিষয়ে মহাপরিচালক - সেন্টারটি ভাড়া না দিয়ে যথাযথভাবে পরিচালনার জন্য যে যে সংস্কার কাজ করা প্রয়োজন**	**(১) রাজশাহী কমিউনিটি সেন্টারটি যথাযথভাবে পরিচালনা করার জন্য সুনির্দিষ্ট প্রস্তাবনা এবং প্রয়োজনীয় মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করতে হবে।**	(১)পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		তার একটা প্রাক্কলন ও প্রস্তাবনা প্রদানের নির্দেশনা প্রদান করে।		
		(২) উপপরিচালক, খুলনা জানান, কমিউনিটি সেন্টারের **বাউন্ডারির কাজ প্রায় সম্পন্ন হয়েছে। শুধু পশ্চিম পার্শ্বে ফুলের বাগান করার জন্য বাউন্ডারির কিছু সংস্কার বাকী রয়েছে। তিনি জানান, (ক) ঐকতান (বিদ্যালয়) প্লে, নার্সারি, কেজি, ১ম শ্রেণি ও ২য় শ্রেণি পর্যন্ত পড়ানো হয়, (খ)** ঐকান্তিক: (ডে কেয়ার সেন্টার): বাচ্চাদের বিভিন্ন খেলনাসহ খেলাধুলার ব্যবস্থা, টেলিভিশন, বাচ্চাদের বসা ও শোবার ব্যবস্থা, সি.সি. ক্যামেরাসহ ০৩ (তিন) স্তরের নিরাপত্তা ব্যবস্থা, (গ) ঐকাত্ন্য (শরীর চর্চা কেন্দ্র), (ঘ) ঐন্দ্রিয়ক: (বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পুনর্বাসন) কার্যক্রম চলমান রয়েছে।	**(২) উন্নয়নমূলক কাজসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।**	(২)উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা।
		(৩)পরিচালক, রংপুর সভাকে অবহিত করেন যে, বিভাগীয় কার্যালয় নির্মাণের জন্য ভূমি মন্ত্রণালয় থেকে দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদান করা সত্বেও জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর জমির দখল হস্তান্তরসহ অন্যান্য কার্যক্রমের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেনি।	**(৩) বরাদ্দ কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য জেলা প্রশাসককে অনুরোধ করতে হবে।**	(৩)পরিচালক (উন্নয়ন)ও পরিচালক, রংপুর।
		(৪) পরিচালক (প্রশাসন) জানান যে, স্থাপত্য অধিদপ্তর হতে চট্টগ্রামের আগ্রাবাদে বোর্ডের নিজস্ব জায়গায় ২০তলা ভবনের নকশা স্থাপত্য অধিদফতর কর্তৃক চূড়ান্ত করা হয়েছে। এক্ষণে বহুতল ভবন নির্মাণের প্রাক্কলন প্রস্তুত করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে।	**(৪) প্রশাসন শাখার মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।**	(৪)পরিচালক (প্রশাসন)
		(৫) পরিচালক (প্রশাসন) বলেন যে, বান্দরবানের যে জায়গাটি ১৯৮৪ সালে বোর্ডের নামে বন্দোবস্ত করা হয়েছিল সেটির দখল বুঝিয়ে দেয়ার জন্য জেলা প্রশাসক, বান্দরবানের নিকট পত্র দেয়া হয়। পরিচালক, চট্টগ্রাম জানান যে, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের সাথে আলোচনা করে জায়গাটি আনুষ্ঠানিকভাবে দখল গ্রহণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।	**(৫) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, বান্দরবান এর সহযোগিতায় বান্দরবানের জায়গাটি বোর্ডের দখলে আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।**	(৫)পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্রগ্রাম।
		(৬) পরিচালক, সিলেট বলেন, বিভাগীয় কার্যালয়ের জমি বরাদ্দের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।	**(৬) ভূমি অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে**	(৬)পরিচালক, সিলেট।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(৭) পরিচালক, বরিশাল জানান যে, বোর্ডের বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের পর্যাপ্ত স্থান সংকুলান হচ্ছে না। নতুন অফিস নির্মাণের জন্য ভূমি বন্দোবস্তের জন্য জেলা প্রশাসনকে অনুরোধ করা হয়েছে। (৮) **উপপরিচালক, ময়মনসিংহ বলেন,** বিভাগীয় কার্যালয়ের জন্য উপযুক্ত জমি পাওয়া যাচ্ছে না। **জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনার এর সাথে এ বিষয়ে যোগাযোগ রাখা হচ্ছে।**	**যোগাযোগ রক্ষা করে বোর্ডের নামে জমি বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।** **(৭) বিভাগীয় কার্যালয় নির্মাণের জন্য উপযুক্ত জমি বন্দোবস্ত গ্রহণের জন্য জেলা প্রশাসনের সাথে যোগাযোগ রাখতে হবে।** **(৮) বিভাগীয় কমিশনার, এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ এর সাথে যোগাযোগ রক্ষা করে স্থান নির্বাচন করতে হবে।**	(৭) পরিচালক, বরিশাল। (৮) পরিচালক, ময়মনসিংহ।
০২।	মাসিক কল্যাণ ভাতা কার্ডভিত্তিক হিসাব ব্যাংক ও বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়সমূহের রিকনসাইল করে সমন্বয় করা	(১)সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, প্রধান কার্যালয়ে ৩ জন আউট সোর্সিং এর মাধ্যমে কল্যাণভাতার ৫১,৮৩৮টি কার্ডের ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। বাকি কাজ করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে পরবর্তী ১-২ মাসের মধ্যে সম্পন্ন করা হবে। (২) পরিচালক, ঢাকা জানান ডিসেম্বর, ২০২০ পর্যন্ত হিসাব সম্পন্ন করা হলেও ব্যাংকের সাথে রিকনসাইল করা হয়নি। এ বিষয়ে ব্যাংকের সাথে সভা করা হয়েছে। পরিচালক (প্রশাসন) ব্যাংকের আইটি শাখা ও বোর্ডের আইটি শাখা সমন্বয়ে সফটওয়্যারের মাধ্যমে কল্যাণ ভাতার রিকনসাইল সম্পন্ন করার বিষয়ে পরামর্শ প্রদান করেন এবং ব্যাংকের সাথে যোগাযোগ করে কাজটি সম্পন্ন করার জন্য একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে মর্মে ও তিনি মত প্রকাশ করে। (৩)পরিচালক, চট্টগ্রাম জানান যে, ১০,০৩৮টি কার্ড আছে,তার মধ্যে ৩,৬৮৪ কার্ড মেয়াদ উত্তীর্ণ, চলমান আছে ৬,৩৫৪টি,ব্যাংক রিকোনসাইল ২০২০ সাল পর্যন্ত শেষ হয়েছে। ব্যাংকের কাছে এবং তাদের কাছে কোনো অর্থ পাওনা নাই। ২০১৯-২০২০ অর্থ বছরের ব্যাংক রিকোনসাইল এর কাজ ২৫৮টি শাখায় তারা মার্চ ২০২১ এর মধ্যে শেষ করে দেবেন।	(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে আউটসোর্সিং এর মাধ্যমে মাসিক কল্যাণ ভাতার হিসাব সম্পন্ন করবে। (২) ব্যাংকের আইটি শাখা ও বোর্ডের আইটি শাখা সমন্বয়ে সফটওয়্যারের মাধ্যমে কল্যাণ ভাতার রিকনসাইল সম্পন্ন করার বিষয়ে পরিচালক, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (৩)ব্যাংকের সাথে যোগাযোগের মাধ্যমে রিকনসাইলের কাজ অব্যাহত রাখতে হবে।	(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা। ২।পরিচালক, ঢাকা। (৩) পরিচালক, চট্টগ্রাম।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(৪) পরিচালক, বরিশাল জানান যে, ৩১ ডিসেম্বর/২০১৯ সাল ব্যাংক রিকোনসাইল করা শেষ হয়েছে। ব্যাংক কোন টাকা পাবে না বরং ০১ কোটি ২৩ লক্ষ টাকা উদ্বৃত্ত করেছে। (৫)উপপরিচালক, খুলনা জানান যে, ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ব্যাংক রিকোনসাইল শেষ করেছেন। ব্যাংক কোন টাকা পাবে না। (৬)পরিচালক রাজশাহী, রংপুর এবং সিলেট সভায় অবহিত করেন যে, ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ব্যাংক রিকনসাইল সম্পন্ন করেছে। ব্যাংক কোন টাকা পাবে না মর্মে মৌখিকভাবে জানিয়েছেন। (৭) উপপরিচালক, ময়মনসিংহ জানান যে, জুন, ২০২০ পর্যন্ত ব্যাংক রিকোনসাইল করা শেষ হয়েছে। ব্যাংক কোন টাকা পাবেনা। মহাপরিচালক মহোদয়, উপপরিচালক,ময়মনসিংহ-কে অবগত করেন যে, নতুন বিভাগীয় কার্যালয় হিসেবে ময়মনসিংহের মানুষ যাতে ভালো মানের সেবা পায় এবং পরিদর্শনকালে কোনো গাফিলতি যাতে নজরবন্ধি না হয় সে ব্যাপারে সর্তক থাকার নির্দেশনা প্রদান করেন।	(৪) পরিচালক, বরিশাল-কে ব্যাংকের সাথে যোগাযোগের মাধ্যমে রিকনসাইলের কাজ অব্যাহত রাখতে হবে। (৫) পরিচালক, খুলনা-কে ব্যাংকের সাথে যোগাযোগের মাধ্যমে রিকনসাইলের কাজ অব্যাহত রাখতে হবে। (৬) কল্যাণ ভাতার রিকনসাইল সম্পন্ন করার বিষয়ে পরিচালক, রাজশাহী, রংপুর ও সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (৭) পরিচালক, ময়মনসিংহ -কে ব্যাংকের সাথে যোগাযোগের মাধ্যমে রিকনসাইলের কাজ অব্যাহত রাখতে হবে।	(৪) পরিচালক, বরিশাল। (৫)পরিচালক, খুলনা। (৬) পরিচালক, রাজশাহী/রংপুর/ সিলেট। (৭) পরিচালক, ময়মনসিংহ।
০৩।	তথ্য প্রযুক্তি সুবিধাদি (আইটি ফ্যাসিলিটিজ) ও প্রশিক্ষণ	বোর্ডের ৫০ঘন্টা প্রশিক্ষণ বাস্তবায়ন সন্তোষজনক, জুলাই/২০২০ – মার্চ/২০২১ পর্যন্ত প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৭,২৪৫ ঘন্টা অর্জন হয়েছে ৬,৯৫৫ ঘন্টা এবং ৪৩ জনঘন্টা। (ক)উপপরিচালক (প্রশাসন) জানান যে, প্রশিক্ষণ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করা হচ্ছে। (খ) পরিচালক, ঢাকা বিভাগ জানান, তাদের প্রশিক্ষণ প্রতিমাসেই হচ্ছে। এ বিষয়ে পরিচালক(প্রশাসন) প্রশিক্ষণ মডিউল প্রেরণের বিষয়ে অভিমত প্রদান করেন। (গ) পরিচালক, বরিশাল বিভাগ জানান যে, প্রধান কার্যালয় নির্দেশিত ছক অনুযায়ী বিভাগীয় কমিশনার মহোদয় ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার মহোদয় এবং বরিশাল বিভাগে কর্মরত প্রশাসনের আরো ২/১ জন কর্মকর্তা দিয়ে প্রশিক্ষণের আওতায় এনে লক্ষ্যমাত্রা পূরণ করা যায়। তিনি আরো এ পর্যন্ত ৪১০ ঘন্টা প্রশিক্ষণ দেয়া হয়েছে বিগত	প্রশিক্ষণ বাস্তবসম্মত এবং ব্যয় সাশ্রয়ী হতে হবে। টার্গেট ভিত্তিক ও দক্ষতা অর্জনে সহায়ক হতে হবে। প্রশিক্ষণ মডিউল/সময়সূচি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা। ২। পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ। ৩। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড,প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		৯ মাস ধরে এবং প্রধান কার্যালয় নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। (ঘ) পরিচালক, চট্টগ্রাম বিভাগ জানান যে , তারা ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করেন এবং প্রশিক্ষণ বিষয়বস্তু বাস্তবসম্মত করতে সচেষ্ট রয়েছে।		
০৪।	মাসিক কল্যাণ ভাতায় কার্ড নম্বরের ইস্যুতে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কোড নম্বর প্রদান	(১)প্রোগ্রামার সভায় অবহিত করেছেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪টি সেবা -কল্যাণ অনুদান, যৌথবীমা ও দাফন (কল্যাণ তহবিল ও বোর্ড তহবিল) এর Service Simplification Software(SSS) টি Unique Registration Systemএর সাথে Integration করে ০১/১১/২০২০ তারিখে লাইভে নেয়া হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে; তিনি বলেন ২০২১-২০২২ অর্থ বছরে হতে যাতে বিভাগীয় কার্যালয়ে চালু করা যায় সে ব্যবস্থা নেয়া হচ্ছে। তিনি ১০ ডিজিটের একটি ডিজিটাল নম্বরের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত অবহিত করেন, যেখানে প্রথম প্রক্রিয়াটি হলো ২ ডিজিটের বিভাগীয় কোড নম্বর পরের ২ ডিজিট সালের শেষ ২ ডিজিট বাসানো হবে এবং পরের ৬ ডিজিট কার্ডের সিরিয়াল নম্বর ৯৯৯৯৯৯ পর্যন্ত সর্বোচ্চ থাকবে। দ্বিতীয় প্রক্রিয়াটি হলো প্রথম ২ ডিজিট সাল তারপরের ২ ডিজিট হলো ডিভিশনাল কোর্ড বাকি ৬ ডিজিট কার্ডের ক্রমিক সংখ্যা। এছাড়া কর্মীদের মৃত্যুর পর বা অবসরে গেলে তাদের পরিবার যদি অন্য কোন বিভাগে অবস্থান করেও সেক্ষেত্রে তার বর্তমান কর্মস্থল অনুযায়ী কল্যাণ ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করে। (২) সফটওয়্যারটি লাইভে কার্যক্রম চলমান রয়েছে এবং যে কোন সমস্যা পরিলক্ষিত হলে সফটওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠান তা সমাধান করে আপডেটের কাজ চলমান রেখেছে।	কল্যাণ ভাতার কার্ড নম্বরে প্রথম ২ ডিজিটের বিভাগীয় কোড নম্বর পরের ২ ডিজিট সালের শেষ ২ ডিজিট বাসানো হবে এবং পরের ৬ ডিজিট কার্ডের সিরিয়াল নম্বর ৯৯৯৯৯৯ পর্যন্ত সর্বোচ্চ থাকবে। (২) সফটওয়্যারটি পরিচালনায় কোন সমস্যা হলে তা দ্রুত সমাধান করতে হবে।	প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। ২। আইটি শাখা।
০৫।	মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে স্বাস্থ্যবিষয়ক কোর্স চালু এবং পর্যায়ক্রমে সকল বিভাগে চালু করা।	(১) পরিচালক, চট্টগ্রাম জানান যে, তাঁরা বিউটিফিকেশন কোর্স চালু করেছেন এবং বিউটি পার্লারের সাজ-সজ্জার কাজ চলছে। এ বিষয়ে প্রয়োজনীয় বাজেট সংস্থাপনের জন্য তিনি অনুরোধ জানান। (২) খুলনার উপপরিচালক জানান যে, খুলনায় একমাত্র সেলাই প্রশিক্ষিকা ছাড়া আর কোন প্রশিক্ষিকা নেই।করোনা	০১। পরীক্ষান্তে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করা হবে। ০২। কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে কি কি আপডেট করা	পরিচালক (উন্নয়ন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		মহামারির কারণে সেখানে বর্তমানে প্রশিক্ষণ বন্ধ রয়েছে। এখানে শুধুমাত্র আইটিভিশন সোসাইটির একজন প্রশিক্ষিকা ট্রেনার আছে। বাকি প্রশিক্ষণ তারা আউট সোর্সের প্রশিক্ষিকা দিয়ে সম্পন্ন করছে। (৩) পরিচালক,বরিশাল জানান যে, বিভাগীয় কমিশনার মহোদয়, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, ও প্রশাসনের অন্যান্য অফিসারদের নিয়ে তারা যথাসময়ে মডিউল অনুযায়ী প্রশিক্ষণ কার্য সম্পন্ন করেন। এ পর্যন্ত ০৯ মাসে ৪১০ ঘন্টা প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাকি প্রশিক্ষণ ০৩ মাসেই শেষ হয়ে যাবে।তাদের বিউটিফিকেশন কোর্সটিতে বাইরের ট্রেনার দিয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। (৪) পরিচালক, রাজশাহী জানান যে, করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে পূর্ববর্তী কোর্সের পাশাপাশি স্বাস্থ্য বিষয়ক কোর্স ও চালু করা হবে।	হয়েছে তা প্রধান কার্যালয়ে জানাতে হবে। ০৩। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আবশ্যিকভাবে প্রধান কার্যালয়ে অবহিত রাখতে হবে। প্রয়োজনে অনলাইনে প্রধান কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংযুক্ত হবেন।	
০৬।	সাধারণ চিকিৎসা অনুদান ও ব্যাংক রিকনসাইলসংক্রান্ত সফটওয়্যারের বাস্তবায়ন অগ্রগতি	পরিচালক ময়মনসিংহ জানান যে, ১৩ ও ১৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ মেডিক্যাল সফটওয়্যার ও ব্যাংক রিকনসাইল সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে মেডিক্যাল সফটওয়্যার সেবা চালু ও ব্যাংক রিকনসাইলিংয়ের কাজ এন্ট্রি করা হয়েছে। পরিচালক, খুলনা জানান, চিকিৎসা এবং শিক্ষার কাজের অগ্রগতি ভালো। কিন্তু প্রোগ্রামার ম্যাডামের নির্দেশনা না পাওয়ায় অন্যান্য বিষয়গুলো এখনো অনলাইনে দিতে পারেননি। পরিচালক, বরিশাল জানান যে, চিকিৎসা ও কল্যাণ ভাতার রিকনসাইলের কাজ চলমান রয়েছে কিন্তু লোকবলের অভাব রয়েছে। পরিচালক, চট্টগ্রাম জানান, ৩০জুন, ২০২১ মধ্যে কল্যাণ ভাতার কাজ শেষ হয়ে যাবে। রাজশাহী জানান, সাধারণ চিকিৎসার কাজ চলমান রয়েছে। পরিচালক, ঢাকা জানান তাদের এ সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে।	বোর্ডের সাধারণ চিকিৎসার সফটওয়্যার এবং ব্যাংক রিকনসাইল সংক্রান্ত সফটওয়্যার সকল বিভাগীয় কার্যালয়ে প্রদান করা হয়েছে।	পরিচালক/ উপপরিচালক, বিভাগীয় কার্যালয় এবং প্রোগ্রামার, কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়।
০৭।	**ই-ফাইলিং চালুকরণ**, GRS **ও নাগরিক সনদের বাস্তবায়ন।**	প্রোগ্রামার জানান যে, প্রধান কার্যালয়ের শতভাগ ই-নথি মাধ্যমে নথি উপস্থাপন করা হচ্ছে ও বিভাগীয় কার্যালয়ে শীঘ্রই ই-নথির প্রশিক্ষণ দেয়া হবে।বিভাগীয় কার্যালয়ে অর্গানোগ্রাম অনুযায়ী আইডি তৈরির কাজ চলছে।এছাড়া GRS **এর সফটওয়্যার এখনো জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সংযুক্ত**	(ক) জুন, ২০২১ মাসে ই-নথির প্রশিক্ষণ প্রদান করতে হবে। (খ) GRS **ও নাগরিক সনদ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।**	১।পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		হয়নি। সেন্ট্রালী সংযুক্ত হলে নাগরিক সনদ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হবে। পরিচালক, **চট্টগ্রাম জানান যে, তারা জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে ম্যাচ করে একটি সিটিজেন চার্টার তৈরি করে যথাস্থানে রাখছেন এবং পুরনো সিটিজেন চার্টার ওয়েবসাইট হতে সরিয়ে নিবেন।** **পরিচালক, ঢাকা, রাজশাহী ও ময়মনসিংহ জানান তাদের আপডেট সিটেজেন চার্টার যথাস্থানে রাখা আছে।** **খুলনা জানান যে, সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী সিটিজেন চার্টার আপডেট করে ওয়েবসাইটে আপলোড করা আছে। তারা অফিস বদল করবেন বলে দেয়ালে ঝুলানো হয়নি। নতুন জায়গায় শিফট করা হলে সেখানে আপডেটকৃত সিটিজেন চার্টার রাখা হবে।** **পরিচালক বরিশাল জানান তাদের ওয়েবসাইটে সিটিজেন চার্টার আপডেট করা আছে এবং দর্শনীয় স্থানে আপডেটকৃত সিটিজেন চার্টার খুব শীঘ্রই রাখা হবে।** **পরিচালক, সিলেট জানান যে, সিটিজেন চার্টার আপডেট করে দর্শনীয় স্থানে রাখা হবে।**	(গ) GRS**বিভাগীয় কার্যালয়ে ম্যানুয়াল পদ্ধতি আপাতত চালু রাখা যেতে পারে।** (ঘ) **বিভাগীয় কার্যালয়ে সিটিজেন চার্টার দর্শনীয় স্থানে রাখতে হবে।** **(ঙ) প্রধান কার্যালয়ে সিটিজেন চার্টার স্থাপন করতে হবে।**	২। উপপরিচালক, (প্রশাসন) প্রধান কার্যালয়।
০৮।	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি**	পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করেন।	বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পাদন করতে হবে।	পরিচালক/ উপপরিচালক (সকল) এবং প্রোগ্রামার

০৫। পরিচালক (প্রশাসন) আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়সমূহে (বছরভিত্তিক প্রকিউরমেন্ট প্ল্যান) Head of Procuring Entity কর্তৃক অনুমোদিত হয়নি। পরিচালক (প্রশাসন) আরো জানান যে, বিভাগীয় কার্যালয় সমূহের বছরভিত্তিক প্রশিক্ষণ পরিকল্পনাও প্রধান কার্যালয়ে পাওয়া যায়নি। তিনি বলেন বছরের শুরুতে Time Bound Work Plan প্রস্তুত করা হলে সরকারি কাজে গতিশীলতা ও দায়বদ্ধতা সৃষ্টি হয়।

০৬। মহাপরিচালক কোভিড-১৯ পরিস্থিতিতে অফিস ব্যবস্থাপনা বিষয়ে সংশ্লিষ্টদের পরামর্শ দিয়ে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণের নির্দেশনা প্রদান করে। মে ২০২১ মাসের মধ্যে সকল বিভাগীয় কার্যালয় নিজ নিজ কার্যালয়ের Procurement Plan প্রস্তুত করে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন মর্মে নির্দেশনা প্রদান করেন। প্রধান কার্যালয়, জুন ১৫, ২০২১ এর মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরের Procurement Plan প্রস্তুত করবে। সভাপতি ক্রয়কাজে PPA ২০০৬ , PPR ২০০৮ যথাযথভাবে অনুসরণেরও নির্দেশনা প্রদান করেন এবং প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয়ের গাড়ীসমূহে জ্বালানী তেল ব্যবহারে সাশ্রয়ী

হবার অনুশাসন প্রদান করেন। তিনি Time Bound Work Plan এর মাধ্যমে সেবাগ্রহীতাদের নির্ধারিত সেবা প্রদানে সচেষ্ট থাকার জন্য কর্মকর্তাবৃন্দদের পরামর্শ প্রদান করেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৩/০৫/২০২১

সত্যব্রত সাহা
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়

নথি নং: ০৫.৮১.০০০০.০০২.০১.০১৫.৯২ (খন্ড-১)-২৯৮ তারিখ: ২৩/০৫/২০২১

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ:

০১। পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
০৩। উপপরিচালক(প্রশাসন)/উপপরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা/ময়মনসিংহ।
০৫। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা(বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
০৯। হিসাবরক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/বোর্ড তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। অফিস কপি।

২৩.০৫.২০২১

(এ কে এম ফজলুজ্জোহা)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৮৩৯২১২০